করিয়া যোগ করিবে এবং ঐ যোগাঙ্ক হইতে ৪০ বাদ দিবে। অবশিষ্টাঙ্ক তাৎকালীন চন্দ্রের গতি হইতে বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ৬ দ্বারা গুণ করিয়া যে অঙ্ক হইবে, তাহার নাম গ্রাস। ঐ গ্রাসকে দুই স্থানে রাখিয়া তাহার একটীকে ১২ দিয়া গুণ করিতে হইবে অপর একটীতে ১৯৩ যোগ করিবে, পরে ঐ ১২ গুণিত অঙ্ক ১৯৩ যুক্ত অঙ্ক দ্বারা ভাগ করিলে যাহা হইবে তাহা সেই চন্দ্রগ্রহণের স্থিতিদণ্ডাদি জানিবে।

পর্ব্বান্তেঽগুনবিধুঃ সগুণো রস (৬) শেষিতো গুণান্তরিতঃ।
কলিতঃ পর্ব্বতগুণিতো বিক্ষেপঃস্যাৎ খনন্দা (৯০) প্তঃ॥

পূর্ণিমার শেষ সময়ের রাশ্যাদি চন্দ্রস্ফুট হইতে রাশ্যাদি স্ফুটপাতকে হীন করিলে যে রাশ্যাদি হইবে, ঐ রাশ্যাদির সহিত ৩ যোগ করিবে, যদি যুক্তাঙ্ক ৬ এর অধিক হয়, তবে বাদ দিয়া অবশিষ্ট অঙ্ক গ্রহণ করিবে এবং দেখিবে যে, ঐ অঙ্ক ৩ এর অধিক কি না, যদি ৩ এর অধিক হয়, তাহা হইলে ঐ ৩ পরিত্যাগ করিয়া অবশিষ্ট অঙ্ক লইয়া কলা করিবে। আর যদি ঐ অঙ্ক ৩ এর কম হয়, তবে ঐ ন্যূনাঙ্ক ৩ হইতে বাদ দিলে যাহা বাকি থাকিবে, তাহাকে কলা করিবে। পরে ঐ কলাদিকে ৭ দিয়া গুণ করিলে যে অঙ্ক হইবে, তাহাকে ৯০ দিয়া ভাগ করিয়া যে ফল লাভ হইবে, তাহার নাম শর।

চন্দ্রগতির্ঘননিঘ্না নখকৃত (৪২০) লব্ধা সুধানিধের্ম্মানং।
দশগুণিতং শশিমানং রামাপ্তং যষ্ঠিনিঘ্নরবিভুক্তেস্তু॥
গুণনগগজো (৮৭৩) নিতায়াঃ কুশিবাংশোনং তমোমানং।
গ্রাহ্যগ্রাহকযোগার্দ্ধং বিক্ষেপবর্জ্জিতং গ্রাসঃ॥

তৎপরে চন্দ্রের সাধিত গতিকে ১৭ দিয়া গুণ করিয়া ৪২০ দ্বারা ভাগ করিলে যে ভাগফল হইবে, তাহার নাম চন্দ্রমান। ঐ চন্দ্রমানকে ১০ দিয়া গুণ করিয়া ৩ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে তাহাকে একস্থানে রাখিবে। পরে রবির গতিকে ৬০ দিয়া গুণ করিয়া যে গুণফল পাওয়া যাইবে, তাহা হইতে ৮৭৩ বাদ দিলে যে অঙ্ক বাকি থাকিবে, তাহাকে ১১১ দিয়া ভাগ করিয়া ভাগফল পূর্ব্বস্থাপিত অঙ্ক হইতে বিয়োগ করিলে যে অঙ্ক হইবে, তাহার নাম রাহুমান। উক্ত চন্দ্রিমান ও রাহুমানের অঙ্ক যোগ করিলে যে সমষ্টি হইবে, তাহাকে দুই

দিয়া ভাগ করিয়া যে ভাগফল পাওয়া যাইবে, তাহা হইতে পূর্ব্ব আনীত শরের অঙ্ক বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহার নাম গ্রাস। ঐ শরের অঙ্ক যদি ঐ লব্ধাঙ্ক হইতে অধিক হয়, তাহা হইলে গ্রহণ হইবে না।

গ্রাসানুপাতাৎ স্থিতি নাড়িকার্দ্ধ মথাভ্রযম্নাগত ইন্দুভুক্তিঃ।
হীনাহতা শুদ্ধিপলৈঃ খশক্রৈ (১৪০)র্লব্ধং তত্রযুতং স্ফুটংস্যাৎ॥

গ্রাসাঙ্কের যে সংখ্যা হইবে, সেই সংখ্যানুসারে নিম্নলিখিত চক্র দৃষ্টি-করতঃ স্থিত্যর্দ্ধখণ্ডা ও শুদ্ধিপল গ্রহণ করিয়া এক স্থলে রাখিবে। পরে তৎকালের চন্দ্রের গতিকে ৮৬০ হইতে বিয়োগ করিলে যাহা বাকি থাকিবে, তাহাকে ঐ শুদ্ধিপল দ্বারা গুণ করিয়া গুণফলকে ১৪০ দিয়া ভাগ করিলে যে ভাগফল হইবে, তাহা স্থিত্যর্দ্ধ খণ্ডার অঙ্কে যোগ করিলে শুদ্ধ স্থিত্যর্দ্ধ-দণ্ডাদি হইবে।

পূর্ণিমার স্থিতি দণ্ডকে দুই স্থানে রাখিবে তাহার একটী হইতে শুদ্ধ স্থিত্যর্দ্ধদণ্ডাদি বাদ দিলে, যে অঙ্ক হইবে তাহাই চন্দ্রগ্রহণের স্পর্শ দণ্ডাদি। অপরটীর সহিত ঐ শুদ্ধ স্থিত্যর্দ্ধদণ্ডাদি যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহা চন্দ্রগ্রহণের মোক্ষ দণ্ডাদি।

চন্দ্রগ্রহণে স্পর্শ-দিক্ নিয়মমাহ।

চন্দ্রগ্রহে যাম্যশরে আগ্নেয্যাং স্পর্শনং ভবেৎ।
নৈঋত্যাস্তু ভবেন্মোক্ষো জ্যোতির্ব্বিদ্ভি নিরূপিতঃ॥
চন্দ্রগ্রহে সৌম্যশরে ঐশান্যাং স্পর্শনং ভবেৎ।
বায়ব্যাস্তু ভবেন্মোক্ষো জ্যোতির্ব্বিদ্ভি নিরূপিতঃ॥

যদি চন্দ্রস্ফুটে এবং পাতস্ফুটে বিয়োগ করিলে হীনাঙ্ক ৬ অপেক্ষা অধিক হয়, তাহা হইলে অগ্নিকোণে স্পর্শ হইয়া নৈঋতকোণে মোক্ষ হইবে এবং যদি উক্ত হীনাঙ্ক ৬ অপেক্ষা কম হয়, তাহা হইলে ঈশানকোণে স্পর্শ হইয়া বায়ুকোণে মোক্ষ হইবে।

স্থিত্যৰ্দ্ধখণ্ডা।

গ্রাস	স্থিত্যৰ্দ্ধ	শুদ্ধিপল।
০|১০	০|২১	১
০|২০	০|২৯	২
০|৩০	০|৩৬	৩
০|৪০	০|৪১	৩
০|৫০	০|৪৬	৪
১|০	০|৫০	৪
১|৩০	১|২	৫
২|০	১|১১	৬
২|৩০	১|২০	৬
৩|০	১|২৭	৬
৪|০	১|৪০	৭
৫|০	১|৫১	৮
৬|০	২|১	৯
৭|০	২|১১	১০
৮|০	২|১৯	১০
৯|০	২|২৭	১০
১২|০	২|৪৭	১২
১৫|০	৩|৪	১৩
১৬|০	৩|৯	১৩
২০|০	৩|২৮	১২
২৪|০	৩|৪৪	১১
২৮|০	৩|৫৭	১০
৩২|০	৪|৮	৯
৩৬|০	৪|১৮	৭
৪০|০	৪|২৬	৫

গ্রাস	স্থিত্যর্দ্ধ	শুদ্ধিপল।
৪৪।০	৪।৩২	৩
৪৮।০	৪।৩৭	৩
৫২।০	৪।৪১	৫
৫৬।০	৪।৪৩	৮
৬০।০	৪।৪৫	৮
৬৪।০	৪।৪৭	৯

গ্রহণকালীন রবিচন্দ্রয়োর্ম্মেঘেনা-চ্ছাদনানাচ্ছাদন কারণং।

রবিভৌম নবাংশেতু নিরভ্রং গ্রাসমাদিশেৎ।
বুধসৌরি নবাংশেতু মলিনং ক্ষুদ্রবর্ষণম্॥
গুরোবংশকামাসাদ্য দৃশ্যতে সবলাহকঃ।
শশিশুক্রো নবাংশেচ প্রাবৃট্‌কালে মহজ্জলম্।
অন্যত্রাব্যক্তভূতৌ তৌ দৃশ্যতে ছাদিতাম্বরৌ॥

রবি ও মঙ্গলের নবাংশে গ্রহণ হইলে মেঘশূন্য গ্রহণ দেখিতে পাওয়া যায়, বুধ ও শনির নবাংশে গ্রহণ হইলে মলিনরূপে দর্শন তৎকালে বিন্দু বিন্দু বারি বর্ষণ হইয়া থাকে। বৃহস্পতির নবাংশে মেঘের সহিত গ্রহণ দৃষ্ট হয়। চন্দ্রের ও শুক্রের নবাংশে গ্রহণ হইলে যদি বর্ষাকাল হয়, তাহা হইলে প্রচুর বারি-বর্ষণ হইয়া থাকে।

চন্দ্রগ্রহণের উদাহরণ।

শকাব্দা ১৮০৪। ২৮শে শ্রাবণ দিবসীয় গ্রহণ গণনা এইরূপে করা যাইতে পারে।

ঐ দিবস পূর্ণিমার অন্তিম দণ্ড ৫৯।১৫, অহর্পিণ্ড ২৮৭ দিনবৃন্দ ১০৪৯৫২, দিবামান দণ্ডাদি ৩২।২০, দিনার্দ্ধ ১৬।১০, মিশ্রদণ্ড ৪৬।১০, মিশ্র ইষ্টাগুর-দণ্ড ১৩।৫। কেহ কেহ ইহাকে যুক্তেষ্টদণ্ড কহেন, কারণ ইহা মধ্যরাত্রির স্ফুটসাধনে যোগ করিতে হয়। যদি ইষ্টদণ্ড মধ্যরাত্রির পূর্ব্বে হয়, তাহা হইলে হীনেষ্টদণ্ড বলা যায়। তাৎকালিক রবি-মধ্য ৩।২৯।৫।১৪, তাৎকালিক চন্দ্র-মধ্য ৯।২৩।৪৩।৬, তাৎকালিক চন্দ্রকেন্দ্রের মধ্য ১০।৮।১৬।৩১, তাৎকালিক রবিস্ফুট ৩।২৭।৩৭।৩৩, গতি ৫৭।২৯।৩৫ এবং তাৎকালিক চন্দ্রস্ফুট ৯।২৭।৩৭।৪৩ গতি ৭৪৬।৪৮।৪৮।

দিনবৃন্দ ১০৪৯৫২ কে ২০ দিয়া ভাগ করিলে ৫২৪৭।৩৬ হয়। ইহাকে একস্থানে পৃথক করিয়া রাখ, পরে দিনবৃন্দ ১০৪৯৫২ কে ৬ গুণ করিলে ৬২৯৭১২ হয়। ইহাকে ১৯৯৯ দিয়া ভাগ করিলে ৩১৫০।৪৮।৩৭ হয়। উহা পূর্ব্বাঙ্কে অর্থাৎ ৫২৪৭।৩৬ এর সহিত যোগ করিলে ৫৫৬২।৩৬।৪৮।৩৭ অংশাদি হইল। অহর্পিণ্ড ২৮৭ কে ১৫০ দিয়া ভাগ করিলে ১।৫৪।৪৮ হইল। ইহা পূর্ব্বাঙ্কে অর্থাৎ ৫৫৬২।৩৬।৪৮।৩৭ রবির কলাদিতে যোগ করিলে ৫৫৬২।৩৬। ৫০।৩১।৪৮ হয়, ইহাই অংশাদি। ইহাকে ৩০ দিয়া ভাগ করিলে ১৮৫ রাশি ও অবশিষ্ট ১২ অংশ থাকে। ঐ ১৮৫ রাশিকে ১২ দিয়া ভাগ করিলে অবশিষ্ট ৫ রাশি থাকে। ইহা ক্ষেপাঙ্ক ৩।৩।১২।৫২ হইতে বিয়োগ করিলে ৯।২০।৩৬।২ থাকে। ইহারই নাম স্ফুটপাত।

শকাব্দা ১৮০০ শকের ২৮ শে শ্রাবণ পূর্ণিমার শেষসময়ের রবিস্ফুট ৩।২৭।৩৭।৩৩ স্ফুটপাত ৯।২০।৩৬।২ এতদুভয়ের অন্তর রাশ্যাদি ৫।২২।৫৮।২৯ তিন রাশির অধিক হওয়াতে ৬ রাশি হইতে শোধিত অংশাদি ৭।১।৩১ কলাদি ৪২১।৩১ কে ৪১ দ্বারা গুণ করিলে ১৭২৮২।১১ হয়, ইহার ষোল ভাগের একভাগ ১০৮০।৮ বিয়োগ করিলে ১৬২০২।৩ বাকি থাকে। পরে সূর্য্যগতি ৫৭।৩০ কে ১৩৪ দিয়া গুণ করিলে ৭৭০৫ হয়। উহা পূর্ব্বাঙ্কে অর্থাৎ ১৬২০২ এর সহিত যোগ করিলে ২৩৯০৭।৩০ হয়, ইহা হইতে ১৯৬৫ বিয়োগ করিলে ২১৯৪২।৩ অবশিষ্ট থাকে। ইহাকে চন্দ্রের গতি ৭৪৭ দিয়া ভাগ করিলে ২৯।২২ পাওয়া যায়। ইহা ৪৩।২০ হইতে বিয়োগ করিলে ১৩।৫৮ থাকে। ইহারই নাম গ্রাস। এই গ্রাসকে দুই স্থানে রাখ। একস্থানের গ্রাসকে ১২ দ্বারা গুণ করিলে ১৬৭।৩৬ হয়। অপর স্থানে

স্থাপিত গ্রাসাঙ্কের সহিত ২০ যোগ করিলে ২৪ হয়। ইহা দ্বারা পূর্ব্বাঙ্ক অর্থাৎ ১৬৭।৩৬ কে ভাগ করিলে ৬।৫৯ ভাগফল হয়, ইহা ঐ দিনের গ্রহণের স্থিতিদণ্ডাদি, এই স্থিতিদণ্ডকে ২ দুই দিয়া ভাগ করিলে ৩।২৯।৩০ হয় ইহা পূর্ণিমার অন্তিমদণ্ড অর্থাৎ ৫৯।১৫ পলের সহিত যোগ ও বিয়োগ করিতে হইবে। যোগফল ৬২।৪৪।৩০ এবং বিয়োগফল ৫৫।৪৫।৩০। যোগফল গ্রহণের মোক্ষকাল এবং বিয়োগফল গ্রহণের আরম্ভ বা স্পর্শকাল। এই গ্রহণের মোক্ষকাল ৬০ দণ্ডের অধিক হইয়াছে অতএব পরদিন মুক্তি হইবে। চন্দ্র-গ্রহণের স্পর্শ ও মোক্ষকাল বিয়োগ করিলে রাত্রিমান হয়। ৫৫।৪৫।৩০ হইতে দিবামান দণ্ড ৩২।২০ পল বিয়োগ করিলে ২৩।২৫।৩০ বাকি থাকে, ইহা রাত্রি দণ্ডের স্পর্শকাল।

ইতি রাঘবানন্দ বিরচিতায়াং সিদ্ধান্ত-রহস্যে
চতুর্থোঽধ্যায় সমাপ্তঃ।

অথ পঞ্চমোঽধ্যায়ঃ।

সূর্য্যগ্রহণ-গণনা।

অথ নতানয়নং।

দিনার্দ্ধদণ্ডান্তর পর্ব্বদণ্ডঃ পূর্ব্বাপরাখ্যঃ কথিতো নতোঽত্র।

যে অমাবস্যায় সূর্য্যগ্রহণ সম্ভাবনা হইবে, প্রথমতঃ সেই দিবসের অমাবস্যার স্থিতিদণ্ডাদি একস্থানে রাখিবে। পরে সেই দিবসের দিনমানকে দুই ভাগ করিয়া তাহার এক ভাগ ঐ অমাবস্যার দণ্ড হইতে অন্তর করিলে যত দণ্ড হইবে, তাহার নাম নতদণ্ড। নতদণ্ড দুই প্রকার—প্রাঙ্নত ও পশ্চান্নত। যদি ঐ দিবসের অমাবস্যার স্থিতিদণ্ড ঐ দিনার্দ্ধের ন্যূন হয়, তাহা হইলে তাহার নাম প্রাঙ্নত দণ্ড এবং অধিক হইলে তাহার নাম পশ্চান্নত দণ্ড।

অথ লম্বনানয়নং।

চলাংশ সংস্কার বতোঽরুণস্য ভাগামতাল্লম্ব ইহানুপাতাৎ।

পরে সেই দিনের অয়নাংশের সহিত রবিস্ফুট যোগ করিলে যে রাশ্যাদি হইবে নিম্নলিখিত চক্রে সেই রাশিতে নতদণ্ড সংখ্যায় যে খণ্ডা ও অনুখণ্ডা হইবে, তাহার একটী হইতে অপরটী বিয়োগ করিলে যে ভোগ্যাঙ্ক হইবে, তাহা দ্বারা ঐ নতদণ্ডের শেষাঙ্ক পলকে পূরণ করিয়া ৬০ দ্বারা ভাগ করিয়া যে ফল লব্ধ হইবে, তাহা ঐ খণ্ডার সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহার নাম লম্বন।

প্রাক্ ও পশ্চান্নতদণ্ড সংখ্যায় লম্বন আনিবার খণ্ডা।

সূর্য্যগ্রহণে নতদণ্ড সংখ্যায় লম্বন আনিবার খণ্ডা।

০ শূন্য রাশি	১ রাশি	২ রাশি	৩ রাশি	৪ রাশি	৫ রাশি
প্রাঙ্নত	প্রাঙ্নত	প্রাঙ্নত	প্রাঙ্নত	প্রাঙ্নত	প্রাঙ্নত
০।৪০	০।৪৫	০।৪৩	০।৩৮	০।৩৮	০।৪২
১।১৭	১।২৪	১।২২	১।১৪	১।১৪	১।২৩
১।৩৯	১।৫৬	১।৫৭	১।৪৭	১।৪৭	২।০
১।৫৬	২।১৮	২।২৬	২।১৯	২।১৭	২।২৮
২।১০	২।৩৪	২।৪৯	২।৪৬	২।৪৩	২।৫৩
২।২০	২।৪৬	৩।৫	৩।৭	৩।৫	৩।১৩
২।২৮	২।৫৩	৩।১৫	৩।২৪	৩।২৬	৩।২৯
২।৩৪	২।৫৬	৩।২০	৩।৩৫	৩।৩৬	৩।৪১
২।৩৮	২।৫৭	৩।২২	৩।৪১	৩।৪৭	৩।৫০
২।৪০	২।৫৬	৩।২০	৩।৪২	৩।৫৩	৩।৫৬
২।৪১	২।৫৪	৩।১৭	৩।৪১	৩।৫৫	৩।৫৯
২।৪২	২।৫০	৩।১৫	৩।৩৬	৩।৫৪	৩।৫৯
২।৪২	২।৪৬	৩।৪	৩।২০	৩।৫০	৩।৫৭
২।৪১	২।৪১	২।৫৫	৩।২১	৩।৪৪	৩।৫৩
২।৩৯	২।৩৫	২।৪৬	৩।১১	৩।৩৬	৩।৪৬
২।৩৪	২।২৯	২।৩৭	৩।০	৩।২৫	৩।৩৭
২।৩৩	২।২৩	২।২৭	২।৪৮	৩।১৪	৩।২৭
২।২৭	২।১৭	২।১৬	২।৩৪	৩।২	৩।১৫
১৮	১৮	১৮	১৮	১৮	১৮

৬ রাশি প্রাঙ্নত	৭ রাশি প্রাঙ্নত	৮ রাশি প্রাঙ্নত	৯ রাশি প্রাঙ্নত	১০ রাশি প্রাঙ্নত	১১ রাশি প্রাঙ্নত
০।৪৮	০।৩	০।২৮	০।২২	০।২৩	০।৩০
১।২৮	১।১৮	০।৫৭	০।৪৩	০।৪৩	০।৫৫
২'৮	১।৫৭	১।২৭	১।৫	১।২	১।১৬
২।৩৯	২।৩৩	২।০	১।২৭	১।১১	১।৩৪
৩।৫	৩।২	২।৩৩	১।৫২	১।৩৯	১।৪৮
৩।২৫	৩।২৫	৩।১৪	২।১৭	১।৫৫	২।০
৩।৩৯	৩।৩৯	৩।২২	২।৩৯	২।১০	২।১১
৩।৪৮	৩।৫১	৩।৩৮	২।৫৯	২।২৫	২।২১
৩।৫৫	৩।৫৬	৩।৪৮	৩।১৩	২।৪০	২।১৯
৩।৫৯	৩।৫৯	৩।৫৪	৩।৩১	২।৫৪	২।৩৭
৪।০	৩।৫৯	৩।৫৫	৩।৩৮	৩।৫	২।৪৪
৩।৫৯	৩।৫৬	৩।৫৩	৩।৪২	৩।১৩	২।৪৯
৩।৫৬	৩।৫২	৩।৪৯	৩।৪৩	৩।১৯	২।৫৩
৩।৫১	৩।৪৬	৩।৪৩	৩।৩৯	৩।২২	২।৫১
৩।৪৪	৩।৩৮	৩।৩৪	৩।৩৪	৩।২২	২।৫৭
৩।৩৬	৩।২৯	৩।২৫	৩।২৬	৩।১৮	১।৫৬
৪।২৭	৩।২৯	৩।১৫	৩।১৬	৩।১২	২।৫৪
৩।১৭	৩।২৮				
১৮	১৮	১৭	১৭	১৭	১৭

পশ্চাম্নতে সায়নার্কে নত-প্রতি লম্বন-শূন্য রাশ্যাদি লম্বন-খণ্ডা ।

০ রাশি পশ্চান্নত	১ রাশি পশ্চান্নত	২ রাশি পশ্চান্নত	৩ রাশি পশ্চান্নত	৪ রাশি পশ্চান্নত	৫ রাশি পশ্চান্নত
০|৪৪	০|৪২	০|৩৮	০|৩৮	০|৪৩	০|৪৫
১|২৮	১|১৩	১|১৪	১|১৪	১|০২	১|২৪
২|১৮	২|২০	১|৪৭	১|৪৭	১|৫৭	১|৫৬
২|৩৯	২|২৮	২|১৭	২|১৯	২|২৬	২|১৮
৩|৫	২|৫৩	২|৪৩	২|৫৬	২|৪৯	২|৩৪
৩|২৫	৩|১৩	৩|৫	৩|৭	৩|৫	২|৪৬
৩|৩৯	৩|২৯	৩|২০	৩|২৪	৩|১৫	২|৫৩
৩|৪৮	৩|৪১	৩|৩৬	৩|৩৫	৩|২০	২|৫৬
৩|৫৫	৩|৫০	৩|৪৭	৩|৪১	৩|২২	২|৫৭
৩|৫৯	৩|৫৬	৩|৫৩	৩|৪২	৩|২০	২|৫৫
৪|০	৩|৫৯	৩|৫৫	৩|৪১	৩|১৭	২|৫৪
৩|৫৯	৩|৫৯	৩|৫৪	৩|৩৬	৩|১০	২|৫০
৩|৫৬	৩|৫৭	৩|৫০	৩|৩০	৩|৪	২|৪৬
৩|৫১	৩|৫৩	৩|৪৪	৩|২১	২|৫৫	২|৪০
৩|৪৪	৩|৪৬	৩|৩৬	৩|১১	২|৪৬	২|৩৫
৩|৩৬	৩|৩৭	৩|২৫	৩|০	২|৩৭	২|২৯
৩|২৭	৩|২৭	৩|১৫	২|৪৮	২|২৭	২|২৩
১৭	১৭	১৭	১৭	১৭	১৭

৬ রাশি	৭ রাশি	৮ রাশি	৯ রাশি	১০ রাশি	১১ রাশি
পশ্চাদ্রত	পশ্চাদ্রত	পশ্চাদ্রত	পশ্চাদ্রত	পশ্চাদ্রত	পশ্চাদ্রত
০।৪০	০।৩০	০।২৩	০।২২	০।২৮	০।৩৮
১।১৩	০।৫৫	০।৪৩	০।৪৩	০।৫৭	১।১৮
১।৩৯	১।১৬	১।৮	১।৫	১।২৭	১।৫৭
১।৫৬	১।৩৪	১।২১	১।২৭	২।০	২।৩৩
২।১০	১।৪৮	১।৩৯	১।৫২	২।৩৩	৩।২
২।২০	২।০	১।৫৬	২।১৭	৩।০	৩।২৫
২।২৮	২।১১	২।১০	২।৩৯	৩।২২	৩।৪০
২।৩৪	২।১১	২।২৫	২।৫৯	৩।৩৩	৩।৫১
২।৩৮	২।২৯	২।৪০	৩।১৭	৩।৪৮	৩।৫৬
২।৪০	২।৩৭	২।৫৪	৩।৩০	৩।৫১	৩।৫৯
২।৪১	২।৪৪	৩।৫	৩।৩৮	৩।৫৫	৩।৫৯
২।৪২	২।৪৯	৩।১৩	৩।৪২	৩।৫৩	৩।৫৬
২।৪২	২।৫৩	৩।১৯	৩।৪০	৩।৪৯	৩।৫২
২।৪১	২।৫৬	৩।২২	৩।৩৯	৩।৪৩	৩।৪৬
২।৩৯	২।৫৭	৩।২২	৩।৩৪	৩।৩৪	৩।৩৮
২।৩৭	২।৫৬	৩।১৮	৩।২৬	৩।২৫	৩।২৯
২।৩৩	২।৫৪	৩।১২	৩।১৬	৩।১৫	৩।১৯
১৭	১৭	১৭	১৭	১৭	১৭

ইতি লগ্নখণ্ডঃ সমাপ্তঃ।

লঙ্কোদয়খণ্ডা	ভোগ্য	অথ ক্রান্তি খণ্ডা		শূন্যাদ হারক	জ্যাখণ্ডা	শূন্যাদি নতিখণ্ডা	
৪।৩৮	৪।৫৯	৩	৪৪১	৬০।০	২৫	২২১।১৪	২৪৫।২৭
৯।৩৭	৫।২৩	৯	৪৮১	৬০।২১	৫০	২২১।৩১	২৫০।১১
১৫।০	৫।২৩	২১	৫২০	৬১।২২	৭৪	২২২।১৯	২৫৪।৫৬
২০।২৩	৪।৫৯	৩৭	৫৫৮	৬৩।৬	৯৮	২২৩।৩৮	২৫৯।৫২
২৫।২২	৪।৩৮	৫৬	৫৯৫	৬৫।৪২	১২০	২২৫।২৮	২৬৪।৫৪
৩০।০	৪।৩৮	৮০	৬৩০	৬৯।১৬	১৪১	২২৭।৪৬	২৭০।০
৩৪।৩৮	৪।৫৯	১০৭	৬৬৩	৭৪।১১	১৬১	২৩০।৩৪	২৭৫।৬
৩৯।৩৭	৫।২৩	১৩৭	৬৯৬	৮০।৪৬	১৭৮	২৩৩।৪৬	২৮০।৮
৪৫।০	৫।২৩	১৭০	৭২০	৮৯।৪২	১৯৪	২৩৭।২৩	২৮৫।৪
৫০।২৩	৫।৫৯	২০৫	৭৪৪	১০২।৮	২০৮	২৪১।২১	২৮৯।৪৯
৫৫।২২	৪।৩৮	২৪২	৭৬৩	১২০।০	২১৯	১০	২০
৬০।০	৪।৩৮	২৮০	৭৭৯	১৪৭।২০	২২৮		
১২	১২	৩১৯	৭৯১	১২	২৩৫		
		৩৫৯	৭৯৭		২৩৯		
		৪০০	৮০০		২৪০		
		১৫	৩০		১৫		

গ্রাস ক্রম হইতে অর্দ্ধস্থিতি।		গ্রাস হইতে রবিপল ভোগ্য।		চন্দ্রপল-ভোগ্যং।	
০।৩৬	২।১০	১	৪	৬	১৮
০।৫১	২।১২	১	৪	৮	১৮
১।২	২।১৪	১	৪	১০	১৯
১।১১	২।১৬	১	৪	১১	১৯
১।১৮	২।১৮	২	৪	১২	১৯
১।২৫	২।২০	২	৪	১৩	১৯
১।৩১	২।২১	২	৫	১৪	১৯
১।৩৭	২।২২	২	৫	১৫	১৯
১।৪২	২।২৩	৩	৫	১৫	১৯
১।৪৬	২।২৪	৩	৫	১৬	১৯
১।৫০	২।২৫	৩	৫	১৬	১৮
১।৫৪	২।২৬	৩	৫	১৭	১৮
১।৫৮	২।২৭	৪	৫	১৭	১৮
২।১	২।২৮	৪	৫	১৭	১৭
২।৪	২।২৮	৪	৬	১৭	১৭
২।৭	২।২৮	৪	৬	১৮	১৭
১৮	৩২	১৬	৩২	১৬	৩২

বক্রেচ্ছায়া।

৫।১০

তত্রাঙ্ক

৭৮৮।৩২

কাশাংচ্ছায়া

৫।৪৫

তত্রাঙ্কঃ

৮২৭।১

স্থিত্যর্দ্ধখণ্ডা

সমাপ্তঃ।

অথ মধ্যোদয় বা দশমোদয়ানয়নম্।

তাৎকালিকাদয়নাংশ যুক্তাদেকাদি লঙ্কোদয়-
খণ্ডকংযৎ। ভোগ্যাহতাংশাৎ খণ্ডনাপ্তযুক্তং
নতৈঃ সলম্বৈর্দ্ব্যদলাদ্বিযুক্ স্বং॥ খণ্ডানি
লঙ্কোদয়সংজ্ঞকানি বিশোধ্য শেষং নিহতং
শরেণ। ভোগ্যোদ্ধৃতং শেষিতসংখ্য নিঘ্ন-
শরেণযুক্তং দশমোদয়স্যাৎ॥

অয়নাংশযুক্ত তাৎকালিক রবিস্ফুটের সংখ্যার উপরোক্ত লঙ্কোদয় খণ্ডা একস্থানে রাখিবে। পরে ঐ খণ্ডার ভোগ্যদ্বারা রবিস্ফুটের অংশাদিকে গুণ করিয়া একজাতীয় করিলে যে অঙ্ক হইবে, তাহাকে ৩০ দিয়া ভাগ করিলে ভাগফল যাহা পাওয়া যাইবে, তাহা ঐ লঙ্কোদয় খণ্ডায় যোগ করিবে। অমাবস্যায় স্থিতিদণ্ড গণনা-দিবসের বেলা দুই প্রহরের পূর্ব্ব পর্য্যন্ত থাকিলে তাহাকে পূর্ব্ব সাধিত লম্বনের সহিত নতদণ্ড যোগ করিয়া যে যুক্তাঙ্ক হইবে, তাহা হীন করিতে হইবে, আর দুই প্রহরের পর হইলে যোগ করিতে হইবে। ঐরূপে যোগ কিম্বা বিয়োগ করিলে যে অঙ্ক হইবে, তাহা হইতে যে রাশির সংখ্যায় ঐ লঙ্কোদয় খণ্ডার অঙ্ক বাদ দেওয়া সম্ভব হয়, সেই খণ্ডাটী ঐ যুক্ত কিম্বা হীনাঙ্কে বাদ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে পাঁচ দিয়া গুণ করিয়া যে অঙ্ক হইবে, তাহা এক-স্থানে রাখিবে। পরে যে রাশির খণ্ডাটী বিয়োগ করা হইয়াছে, সেই রাশির ভোগ্যখণ্ডা দ্বারা ঐ ৫ গুণিত অঙ্ককে ভাগ দিয়া যাহা লাভ হইবে, তাহা একস্থানে স্থাপন করিবে। পরে যত সংখ্যা রাশির খণ্ডাটী হীন করা হইয়াছে সেই সংখ্যক অঙ্ককে ৫ দিয়া গুণ করিয়া পূর্ব্বস্থাপিত অঙ্কে যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহার নাম দশমোদয়।

অথ ক্রান্তিহারানয়নং।

মধ্যোদয়াদ্বাণশশাঙ্ক (১৫) যুক্তাৎ ত্রিংশাধিকশ্চেৎ
খরসাদ্ (৬০) বিশুদ্ধাৎ। ক্রান্তি সদাহ্ক্ষান্তরিতা
শতস্থঃ (১০০) ক্রমেণ পুরোঃ স্থির লম্বনার্থম্॥

মধ্যোদয়ের যে অঙ্ক হইবে, তাহাতে ১৫ যোগ করিবে, ঐ যোগাঙ্ক যদি ৩০'এর অধিক হয়, তবে তাহাকে ৬০ হইতে বাদ দিবে আর উহা ৬০'এর অধিক হইলে ৬০ বাদ দিয়া যাহা থাকিবে, তাহা যদি ৩০'এর অধিক না হয়, তবে তাহার প্রথম অঙ্ক সংখ্যার ক্রান্তি-খণ্ডা ও তাহার অনুখণ্ডা লইয়া উভয়কে অন্তর করিলে যাহা ভোগ্য হইবে সেই অঙ্ক দ্বারা ঐ মধ্যোদয়ের দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার অঙ্ক পূরণ করিয়া এক জাতীয় করিলে যাহা হইবে, তাহাকে ৬০ দিয়া যোগ করিলে যাহা হইবে, তাহার নাম ক্রান্তি। ঐ ক্রান্তিকে অক্ষাঙ্ক ৭৮৮৩২' এর সহিত অন্তর করিয়া যাহা হইবে, তাহাকে ১০০ শত দিয়া ভাগ করিলে ভাগফল যাহা হইবে, তৎসংখ্যার হারখণ্ডা অনুখণ্ডা লইয়া পরস্পরে অন্তর করিলে যাহা ভোগ্য হইবে, তদ্দারা ঐ শতহৃত লব্ধ শেষ অঙ্ককে গুণ করিয়া গুণফলকে ১০০ দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ক খণ্ডার সহিত যোগ করিলে যাহা হইবে, তাহার নাম হার।

অথ স্ফুটনতানয়নম্।

তথাবিধার্কাংশ ষড়ংশ মধ্যোদয়ান্তরো
যঃ স নতস্ফুটঃ স্যাৎ।

অয়নাংশযুক্ত রবিস্ফুটের রাশ্যাদিকে অংশাদি করিয়া যাহা হইবে, তাহাকে ৬ দিয়া ভাগ করিলে যে ভাগফল হইবে, তাহা পূর্ব্বসাধিত মধ্যোদয়ের সহিত অন্তর করিলে যাহা হইবে, তাহার নাম স্ফুটনত।

অথ স্থির-লম্বানয়নং।

ত্রিশাধিকশ্চেৎ খরসা (৬০) দ্বিশোধ্যাঃ পুনঃ
শরক্ষ্মা (১৫) ধিকতঃ খরামাৎ (৩০)। নতস্ফুট-
জ্যাবিহৃতা স্বহারৈর্দ্দণ্ডাদিকং তৎস্থিরলম্বনস্যাৎ ॥

যাহা স্ফুটনত হইবে, যদি তাহা ৩০'এর অধিক হয়, তবে ৬০ হইতে বাদ দিবে; আব যদি ১৫'এর অধিক হয়, তবে ৬০ হইতে বাদ দিয়া যাহা হইবে, তাহার প্রথমাঙ্ক সংখ্যার জ্যাখণ্ডা অনুখণ্ডা পরস্পর অন্তর করিলে যাহা হইবে, তাহা দ্বারা স্ফুটনতের শেষাঙ্ককে গুণ করিয়া ঐ গুণিতাঙ্ককে ৬০ দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ককে জ্যাখণ্ডার সহিত যোগ করিলে যাহা হইবে, তাহার নাম জ্যা। ঐ জ্যা'র অঙ্ককে পূর্ব্বসাধিত হার-অঙ্ক দিয়া ভাগ করিলে যাহা হইবে তাহার নাম স্থির-লম্বন।

অথ স্ফুটদশমোদয়ানয়নম্।

ঊনাধিকঃ যৎস্থিরলম্বনং স্যাৎ মধ্যাৎ খলগ্নস্ত তদূনযুক্তম্।
পশ্চান্নতে পূর্ব্বনতেত্বুবামং তৎকাল মধ্যোদয়মেতদুক্তম্ ॥

পূর্ব্বসাধিত লম্বন ও স্থির-লম্বন এই দুইকে অন্তর করিলে যে অঙ্ক হইবে, তাহা একস্থানে রাখিবে। পশ্চান্নতকালে যদি পূর্ব্ব লম্বন হইতে স্থির-লম্বন ন্যূন হয়, তাহা হইলে মধ্যোদয়ের ঐ স্থাপিত অঙ্কে হীন আর অধিক হইলে যোগ করিবে। প্রাঙ্ নতকালে যদি পূর্ব্ব লম্বন হইতে স্থির-লম্বন ন্যূন হয়, তাহা হইলে ঐ মধ্যোদয়ে যোগ এবং অধিক হইলে হীন করিতে হইবে। এইরূপ প্রক্রিয়া দ্বারা যাহা পাওয়া যাইবে, তাহার নাম স্ফুট-দশমোদয়।

অথ নত্যানয়নম্ ।

এবং খলগ্নাৎ শরচন্দ্র (১৫) যুক্তাৎ ত্রিংশাধিকশ্চেৎ
খরসাৎ (৬০) বিশুদ্ধাৎ। ক্রান্তিঃ খখেষ্বিন্দু (১৫০০)
যুতাক্ষহীনা শতেন (১০০) তস্যা নতয়ক্রমেণ ॥

তাৎকালিক দশমোদয়ের সহিত ১৫ যোগ করিলে যদি ৩০'এর অধিক হয়, তাহা হইলে তাহাকে ৬০ হইতে বাদ দিয়া যাহা বাকি থাকিবে, তাহার প্রথম অঙ্ক সংখ্যায় পুনরায় ক্রান্তিখণ্ডা এবং তাহার অনুখণ্ডা গ্রহণ করিয়া অন্তর করিলে যে ভোগ্য হইবে, তদ্দারা তাহার দ্বিতীয় ও তৃতীয় অঙ্ককে গুণ করিয়া একজাতীয় করিবে। পরে ঐ অঙ্ককে ৬০ দিয়া ভাগ করিয়া ভাগফল খণ্ডার সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে তাহার নাম ক্রান্তি। ঐ ক্রান্তিতে ১৫০০ যোগ করিয়া তাহা হইতে ৭৮৮।৩২ অক্ষাঙ্ককে বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ১০০ দিয়া একবার মাত্র ভাগ দিবে, পরে ভাগফল সংখ্যার নতখণ্ডা ও অনুখণ্ডা লইয়া পরস্পর বিয়োগ করিলে যাহা হইবে তাহার নাম ভোগ্য; উহা দ্বারা শতহৃত শেষাঙ্ককে গুণ করিয়া যাহা হইবে, তাহাকে ১০০ দিয়া ভাগ করিবে। পরে ঐ ভাগফল নত খণ্ডার সহিত যোগ করিলে যাহা হইবে, তাহার নাম নতি।

অথ স্ফুটদর্শদণ্ডানয়নম্ ।

দর্শান্ততো লম্বনহীন-যুক্তাৎ দর্শান্তনাড়ী ছ্যুদলাৎ স্ফুটাত্র ।

পূর্ব্বসাধিত স্থির-লম্বনকে প্রাঙ্নত-সময়ে অমাবস্যার স্থিতিদণ্ডে হীন ও পশ্চান্নত-সময়ে যোগ করিলে যাহা হইবে, তাহার নাম স্ফুটদর্শদণ্ড।

অথ গ্লৌ-কথনঃ।

চন্দ্রস্যভুক্তিঃ স্থিরলম্বনঘ্না যষ্ঠ্যা (৬০) বিভক্তাতু
কলাদিকং স্যাৎ। দর্শান্তকালীনরবৌদ্দিনার্দ্ধাৎ
ঋণং-ধনং গ্লৌ স্ফুটদর্শকালে ॥

তাৎকালিক চন্দ্রগতিকে স্থিরলম্বন দ্বারা গুণ করিলে যাহা হইবে, তাহাকে ৬০ দিয়া ভাগ করিলে ভাগফল কলাদি হইবে। ঐ কলাদিকে প্রাঙ্নত সময়ে তাৎকালিক রবিস্ফুটে হীন ও পশ্চান্নতকালে যোগ করিলে যাহা হইবে, তাহার নাম গ্লৌ অর্থাৎ স্ফুটদর্শ-দণ্ড সময়ের চন্দ্রস্ফুট।

অথ শর-স্ফুটশরানয়নঞ্চ।

ত্রিভোন তৎকাল বিধোর্ব্বিপাতাৎ যড়্ভাধিকান্মন্তলতো
বিশুদ্ধাৎ। কলীকৃতাৎ নাগ (৮) হতাৎ খনন্দরামেষু
ভূনাদ্ (১৫৩০০) গুণ খেন্দু (১০৩) ভক্তঃ। শরঃ সংনত্যন্ত-
রিতঃ স্ফুটঃ স্যাৎ গ্রাসস্তু মানৈক্য দলাদ্বিশুদ্ধঃ ॥

ঐ স্ফুটদর্শদণ্ড সময়ের চন্দ্রস্ফুট হইতে রাশি বিয়োগ করিলে (যদি ৩ রাশির ন্যূন হয়) তাহা হইলে ঐ চন্দ্রস্ফুটের রাশিতে ১২ যোগ করিয়া ৩ রাশি হীন করিলে যাহা হইবে তাহা হইতে ঐ দিনের স্ফুটনতকে বিয়োগ করিবে। যদি ঐ অঙ্ক ৬ রাশির অধিক হয়, তবে তাহাকে ১২ রাশি হইতে বাদ দিয়া যে রাশ্যাদি হইবে, তাহাকে কলা করিয়া ৮ দিয়া গুণ করিকে হইবে। ঐ গুণি-তাঙ্ক হইতে ১৫৩৯০ বাদ দিলে শেষ যাহা থাকিবে, তাহাকে ১০৩ দ্বারা বিভক্ত করিবে। ঐ ভাগ ফলের নাম শর। ঐ শরকে পূর্ব্বসাধিত নতির সহিত অন্তর করিলে অবশিষ্ট অঙ্ক যাহা থাকিবে, তাহার নাম স্ফুটশর

অথ চন্দ্রমানানয়নম্।

চন্দ্রগতির্ঘন (১৭) নিঘ্না নখকৃত (৪২০) লব্ধা সুধানিধের্ম্মানং।

চন্দ্রের সাধিতগতিকে ১৭ দিয়া গুণ করিয়া ৪২০ দ্বারা ভাগ করিলে যে ভাগফল হইবে, তাহার নাম চন্দ্রমান।

অথ রবিমানানয়নম্।

রবিগতি রসবাণ(৫৬) ঘ্না বেদদিগাপ্তা (১০৪) রবের্ম্মানং।

তাৎকালিক রবির স্ফুট গতিকে ৫৬ দিয়া গুণ করিলে যাহা হইবে, তাহাকে ১০৪ দিয়া ভাগ করিলে যে ভাগফল হইবে, তাহার নাম রবিমান।

অথ গ্রাসানয়নম্।*

গ্রাহ্য-গ্রাহকযোগার্দ্ধং বিক্ষেপবর্জ্জিতং গ্রাসঃ।

ঐ চন্দ্রমান ও রবিমানকে যোগ করিলে যাহা হইবে, তাহাকে ২ দিয়া ভাগ করিয়া ভাগফল হইতে পূর্ব্বসাধিত স্ফুটশরকে বিয়োগ করিলে যাহা হইবে, তাহার নাম গ্রাস। যদি ঐ ভাগফল হইতে স্ফুটশর অধিক হয়, তাহা হইলে গ্রহণ হইবে না।

অথ স্থিত্যর্দ্ধানয়নম্।

গ্রাসানুপাতাৎ স্থিতি নাড়িকার্দ্ধং তথাভ্রষড়্ (৬০) ঘ্নং রবিচন্দ্রমানং।
নবর্ত্তু নাগেন্দুভিরঙ্গ নাগশূন্যা ক্ষিতির্যদ্বিবরং রবীন্দ্বোঃ।

---

* গ্রাসের অবস্থাভেদে চন্দ্র ও সূর্য্যগ্রহণ দশ প্রকার হইয়া থাকে। যথা—১ সব্য, ২ অপসব্য, ৩ লেহ, ৪ গ্রসন, ৫ নিরোধ, ৬ অবমর্দ্দ, ৭ আরোহ, ৮ আঘ্রাত, ৯ মধ্যতম ও ১০ তমোন্ত্য; এইরূপ মোক্ষও দশ প্রকার। যথা,—

পলাখ্যভোগ্যেন হতং-বিভক্তং কুবাণচন্দ্রৈর্গজদেবতাভিঃ।
লব্ধে পলেস্তঃ সহিতঞ্চ তত্রস্যাদেবমধ্যস্থিতি নাড়িকার্দ্ধং।

গ্রাসাঙ্ক সংখ্যায় সূর্য্যগ্রহণের স্থিত্যর্দ্ধ খণ্ডায় যাহা আছে তাহা একস্থানে রাখিবে। পরে রবিমানকে ৬০ দিয়া গুণ করিলে যে অঙ্ক হইবে, তাহা ১৮৬৯ দিয়া হীন করিয়া যাহা থাকিবে, তাহা গ্রাসাঙ্ক সংখ্যায় রবির শুদ্ধিপল দ্বারা গুণ করিয়া ১৫১ দিয়া ভাগ করিলে যে ফল লাভ হইবে, তাহাকে এক স্থানে রাখিবে এবং ঐরূপ চন্দ্রমানকে ৬০ দিয়া গুণ করিয়া গুণিতাঙ্ককে ২০৮৯ হইতে বিয়োগ করিলে যাহা থাকিবে, তাহা ঐ গ্রাসাঙ্ক সংখ্যার চন্দ্রের শুদ্ধিপল দ্বারা গুণ করিয়া ৩৩৮ দ্বারা ভাগ করিবে। পরে ঐ ভাগফল পূর্ব্ব স্থাপিত রবির ভাগফলের সহিত যোগ করিয়া ঐ পূর্ব্বস্থাপিত স্থিত্যর্দ্ধখণ্ডার সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহার নাম স্থিত্যর্দ্ধ।

স্থিত্যর্দ্ধদণ্ডোনিতঃ মধ্যদর্শদণ্ডোঽস্য ঘস্রার্দ্ধত
ঊনযুক্তঃ। তৎকালজেন স্থিরলম্বনেন স্পর্শস্য-
কালস্য বিনিশ্চয়স্যাৎ। স্থিত্যর্দ্ধদণ্ডেন যুতাচ্চ
তদ্বন্মোক্ষস্যকালোঽপি তথাবগম্যঃ। প্রকীর্ত্তিতা
যা স্ফুটদর্শনাড়ী স এব মধ্যোগ্রহণস্য কালঃ॥

পূর্ব্বসাধিত স্ফুটদর্শদণ্ড পলকে দুই স্থানে রাখিবে। উহার একটীর সহিত স্থিত্যর্দ্ধ দণ্ডপলকে হীন করিলে সূর্য্যগ্রহণের স্পর্শদণ্ড হইবে, এবং অপরটীর সহিত যোগ করিলে সূর্য্যগ্রহণের মোক্ষদণ্ড হইবে। স্পষ্টতিথির শেষে মধ্য-গ্রহণ হয়। †

---

১ দক্ষিণ হনুভেদ, ২ বাম হনুভেদ, ৩ দক্ষিণ কুক্ষিভেদ, ৪ বাম কুক্ষিভেদ, ৫ দক্ষিণ পায়ুভেদ, ৬ বামপায়ুভেদ, ৭ সংচ্ছর্দ্দন, ৮ জরণ, ৯ মধ্যবিদারণ ও ২০ অণ্ডাধ-দারণ। (বৃহৎ সংহিতা।)

† স্ফুটতিথ্যবসানেতু মধ্যগ্রহণমাদিশেৎ।

(সূঃ সিঃ, ৪ অঃ ১৬ শ্লোঃ।)

সূর্য্যগ্রহণ গণনার উদাহরণ।

১৭৬৫ শকের ৭ই পৌষ দিবসের সূর্য্যগ্রহণের উদাহরণ।

ঐ দিন অমাবস্যার অন্তিম বা শেষদণ্ড ১১।৫৮, অব্দপিণ্ড ২২৫ দিনবৃন্দ ৯২২৯৯, দিবাদণ্ডাদি ২৬।২২, দিনার্দ্ধ ১৩।১১, মিশ্রদণ্ড ৪৩।১১, হীনেষ্টদণ্ড ৩১।৫১ অয়নাংশাদি ২০।১০।১২, তাৎকালিক রবিমধ্য ৮।৭।৩১।৪২ তাৎকালিক চন্দ্রমধ্য ৮।৩।২৭।৩৫ চন্দ্রকেন্দ্রের মধ্য ৭।১৭।২৪।৫৯ তাৎকালিক রবিস্ফুট ৮।৭।৮।২৮ তাৎকালিক রবির গতি ৬১।২৩ তাৎকালিক চন্দ্রস্ফুট ৮।৭।১০।১১ তাৎকালিক চন্দ্রের গতি ৮৩৭।২৪, স্ফুটপাত ৮।১।১৩।৫৬।

দিনার্দ্ধ ১৩।১১, পর্ব্বদণ্ড ১১।১৮ উভয়ে অন্তর করিলে ১।৫৩ অবশিষ্ট থাকে, ইহাই দণ্ড। দিবা দুই প্রহরের পূর্ব্বে গ্রহণ হইবে, যে হেতু অমাবস্যার অন্তি; দণ্ড ১১।১৮। এজন্য ইহার নাম প্রাঙ্‌নত হইল। প্রাঙ্‌নত দণ্ড ১।৫৩।

তাৎকালিক অয়নাংশ ২০।১০।১২, রবিস্ফুট ৬।৭।৮।২৮ যোগাঙ্ক ৮।২৭।১৭।৪০ ইহার নাম সায়ন রবি। সূর্য্যগ্রহণে নতদণ্ড সংখ্যায় লম্বন আনিবার খণ্ডায় (৮ রাশির প্রাঙ্‌নত) এই কোষ্ঠার নতদণ্ড ১।৫৩ ইহার সংখ্যায় ১'এর খণ্ডা ০।২৮ অনুখণ্ডা ০।৫৭, ভোগ্য ০।২৯ হইল। এই ভোগ্য দ্বারা অবশিষ্ট অঙ্ক ৫৩কে গুণ করিলে ১৫৩৭ হইল। ইহাকে ৬০ দ্বারা ভাগকরিলে ২৫।৩৭ হইল। উহাকে খণ্ডা ০।২৮'এর সহিত যোগ করিলে ০।৫৩।৩৭ হয়, ইহারই নাম মধ্যলম্বন।

অয়নাংশ যুক্ত রবিস্ফুট ৮।২৭।১৮।৪০ ইহার সংখ্যার লঙ্কোদয় খণ্ডা ৩৯।৩৭, অনুখণ্ডা ৪৫।০'র অন্তর ৫।২৩, ইহারই নাম ভোগ্য। এই ভোগ্য দ্বারা অয়নাংশ-যুক্ত রবিস্ফুটের অংশাদিকে গুণ করিলে ১৪৭।১।২৯।২০ হয়, ইহাকে ৩০ দিয়া ভাগ-করিলে ৪।৫৪।৩ হয়। ইহা লঙ্কোদয় খণ্ডার যোগ করিলে ৪৪।৩১।৩ হয়। পূর্ব্ব-সাধিত মধ্যলম্বন ০।৫৩।৩৭ এবং প্রাঙ্‌নত দণ্ড ১।৫৩ উভয়ের যোগফল ২।৪৬।৩৭

প্রাগ্ নত বলিয়া ইহা পূর্ব্বাঙ্ক হইতে বিয়োগ করিতে হইবে। বিয়োগফল ৪১।৪৪।২৬ হইতে লঙ্কোদয়-খণ্ডা ৩৯।৩৭ বিয়োগ করা সম্ভব। অতএব ইহা পূর্ব্বাঙ্ক হইতে বিয়োগ করিলে ২।৭।২৬ বাকি থাকে, ইহাকে ৫ দিয়া গুণ করিলে ১০।৩৭।১০ হয়। ৮ রাশির লঙ্কোদয় খণ্ডা ৩৯।৩৭ বিয়োগ করা হইয়াছে। উহার ভোগ্য ৫।২৩, ইহার দ্বারা পূর্ব্বাঙ্ক ১০।৩৭।১০ কে ভাগ করিলে ১।৫৮।২১ ভাগফল হয়। ৮ রাশির খণ্ডা বিয়োগ করা হইয়াছে. অতএব ৮ কে ৫ দিয়া গুণ করিলে ৪০ হইল। ইহা পূর্ব্বাঙ্কে অর্থাৎ ১।৫৮।২১'এর সহিত যোগ করিলে ৪১।৫৮।২১ হইল। ইহারই নাম মধ্যোদয় নামান্তর দশমোদয়।

মধ্যোদয় ৪১।৫৮।২১ এর সহিত ১৫ যোগ করিলে ৫৬।৫৮।২১ হয়, ইহা ৩০ এর অধিক হইয়াছে। এজন্য ৬০ হইতে বিয়োগ করিলে ৩।১।৩৯ অবশিষ্ট থাকে। ইহার প্রথমাঙ্ক ৩ সংখ্যার ক্রান্তিখণ্ডা ২১, পর খণ্ডা ৩৭, উভয়ের অন্তরফল বা ভোগ্য ১৬, শেষাঙ্ক ১।৩৯কে ১৬ দ্বারা গুণ করিলে ২৬।২৪ হয়। ইহাকে ৬০ ভাগ করিলে ০।২৬।২৪ হইল। ইহা খণ্ডার সহিত যোগ করিলে ২১।২৬।২৪ হয়। ইহার নাম ক্রান্তি।

ঐ ক্রান্তিকে স্ব স্ব দেশের অক্ষাঙ্ক হইতে বিয়োগ করিলে যে অঙ্ক হইবে, তাহাকে ১০০ দিয়া ভাগ করিতে হইবে। কলিকাতার অক্ষাঙ্ক ৭৮৮।৩২, ক্রান্তি ২১।২৬।২৪ উভয়ের অন্তর করিলে ৭৬৭।৫।৩৬ অবশিষ্ট থাকে। ইহাকে ১০০ দ্বারা ভাগ করিলে ভাগফল ও শেষাঙ্ক ৬৭।৫।৩৬, লব্ধাঙ্ক ৭ সংখ্যার হারখণ্ডা ৮০।৪৬, অগ্রখণ্ডা ৮৯।৪২ উভয়ের অন্তর বা ভোগ্য ৮।৪৬। এই ভোগ্যদ্বারা ১০০হৃত শেষাঙ্ক ৬৭।৫।৩৬ কে গুণ করিলে ৫৯৯।২২।১।৩৬ হয়। ইহাকে ১০০ দিয়া ভাগ করিলে ৬ হয়। ইহা খণ্ডা ৮০।৪৬ এর সহিত যোগ করিলে ৮৬।৪৬ হয়; ইহারই নাম হার।

অয়নাংশযুক্ত রবিস্ফুট ৮।২৭।১৮।৪০, ইহার অংশাদি ২৬৭।১৮।৪০ কে ৬ দিয়া ভাগ করিলে ৪৪।৩৩।৬ হয়। এই অঙ্ক পূর্ব্ব-সাধিত মধ্যোদয় ৪১।৫৮।২১'এর সহিত অন্তর করিলে ২।৩৪।৪৫ হয়, ইহারই নাম স্ফুটনত।

স্ফুটনত ২।৩৪।৪৫ দুই অঙ্ক সংখ্যার জ্যাখণ্ডা ৫০, অগ্রখণ্ডা ৭৪ উভয়ের অন্তর বা ভোগ্য ২৪; এই ভোগ্য ২৪ দ্বারা শেষাঙ্ক ৩৪।৪৫কে গুণ করিলে ৮৩২।০ হয়। ইহাকে ৬০ দিয়া ভাগ করিলে ১৩।৫২ হয়। ইহা খণ্ডার সহিত যোগ করিলে ৬৩।৫২ হয়, ইহার নাম জ্যা। এই জ্যাকে পূর্ব্ব-সাধিত হারাঙ্ক ৮৬।৪৬ দ্বারা ভাগ করিলে ০।৪৪।১০ হয়, ইহার নাম স্থির-লম্বন।

পূর্ব্ব-সাধিত লম্বন ০।৫৩।৩৭ হইতে পূর্ব্বানীত স্থির-লম্বন ০।৪৪।১০ বিয়োগ করিলে অবশিষ্ট ০।৯।২৭ থাকিল। এস্থলে প্রাঙ্‌নত প্রযুক্ত মধ্যোদয় ৪১।৫৮।২১ এর সহিত শেষাঙ্ক ০।৯।২৭ যোগ করিলে ৪২।৭।৪৮ হইল। ইহাকেই তাৎকালিক মধ্যোদয় কহে।

তাৎকালিক মধ্যোদয় ৪২।৭।৪৮'এর সহিত ১৫ যোগ করিলে ৫৭।৭।৪৮ হয়। ইহার প্রথমাঙ্ক ৫৭ সাতান্ন, ৬০ হইতে বিয়োগ করিলে ২।৫২।১২ থাকে, ইহার প্রথমাঙ্ক ২; এজন্য ক্রান্তিখণ্ডার ২ কোষ্ঠার খণ্ডা ৯, অনুখণ্ডা ২১; উভয়ের অন্তর করিলে ১২ বাকি থাকে, উহাই ভোগ্য। ঐ ভোগ্য দ্বারা শেষ ৫২।১২কে গুণ করিয়া গুণফলকে ৬০ দিয়া ভাগ করিলে ১০।২৬ খণ্ডা ৯এর সহিত যোগ করিয়া ১৯।২৬ হয়, তাহার সহিত ১৫০০ যোগ করিয়া ১৫১৯।২৬ হয়। ইহা হইতে অক্ষাঙ্ক ৭৮৮।৩২ বিয়োগ করিলে শেষ ৭৩০।৫৪কে ১০০ দ্বারা ভাগ করিয়া ভাগফল ৭ হয়। ইহার অনুসারে নতি-খণ্ডার ২৩০।৩৪ খণ্ডা ও অনুখণ্ডা ২৩৩।৪৬ লইয়া উভয়ের অন্তর করিয়া ভোগ্য ৩।১২ দ্বারা শতহৃত শেষ ৩০।৫৪ কে গুণ করিয়া গুণফলকে এক শত দ্বারা ভাগ করিয়া ভাগফলে ০।৫৯।১৯ খণ্ডা ২৩০।৩৪' এর সহিত যোগ করিয়া ২৩১।৩৩।১৯ হয়, ইহাই নতি।

প্রাঙ্‌নত হেতু এস্থলে পর্ব্বান্তদণ্ড ১১।১৮ হইলে স্থির-লম্বন ০।৪৪।১০ বিয়োগ করিলে শেষ ১০।৩৩।৫০ থাকে, ইহাই স্ফুটদর্শ দণ্ড।

চন্দ্রগতি ৮৩৭।২৪কে স্থিরলম্বন ০।৪৪।১০ দিয়া গুণ করিয়া গুণফলকে ৬০ দ্বারা ভাগ করিলে ভাগফল ১০।১৬।২৫ কলাদি তাৎকালিক রবিস্ফুট হইতে হীন করিলে ৮।৬।৫৮।১১।৩৫ রাশ্যাদি থাকে, ইহাই গ্নৌ অর্থাৎ স্ফুটদর্শ-দণ্ড সময়ের চন্দ্রস্ফুট; স্ফুটদর্শ-দণ্ড সময়ের চন্দ্রস্ফুট ৮।৬।৫৮।১১।৩৫ হইতে ৩ রাশি বিয়োগ করিলে অবশিষ্ট ৫।৬।৫৮।১১।৩৫ থাকে, ইহা হইতে স্ফুটপাত-রাশ্যাদি ৮।১।১৩।৫৬ বিয়োগ করিয়া শেষ ৯।৫।৪৫ রাশ্যাদি থাকিবে। উহা ১২ হইতে বিয়োগ করিয়া যে ২।২৪।১৫।২৫ রাশ্যাদি থাকে, তাহার রাশি ও অংশকে কলা করিয়া তাহার সহিত যোগ করিলে যোগাঙ্ক ৫০৫৫ হইবে। তাহাকে ৮ দিয়া গুণ করিয়া গুণফল ৪০৪৪০ হইতে ১৫৩৯০ বিয়োগ করিলে ২৫০৫০ বাকি থাকিবে! তাহাকে ১০৩ দিয়া ভাগ করিয়া ২৪৩।৩২।৪০ হয়, ইহাই শর। ঐ শরাঙ্ক হইতে নতি ২১১।৩৩।১৯ বাদ দিলে বাকি ১১।৫৯।২১ থাকে, ইহাই স্ফুটশর।

চন্দ্রের তাৎকালিক গতি ৮৩৭।২৪কে ১৭ দিয়া গুণ করিয়া গুণফল ১৪২৩৫।৪৮কে ৪২০ দ্বারা ভাগ করিয়া ৩৩।৩৯।২৩ হয়, ইহাই চন্দ্রমান।

রবির তাৎকালিক গতি ৬১।২৩ কে ৫৭ দিয়া গুণ করিয়া গুণফল ৩৪৯৮।৫১কে ১০৪ দিয়া ভাগ করিলে ভাগফল ৩৩।৩৮।৩৪ হয়, ইহাই রবিমান। চন্দ্রমান ৩৩।৩৯।২৩'এর সহিত রবিমান ৩৩।৩৮।৩৪ যোগ করিলে যোগফল ৬৭।১৭।৫৭ হয়। উহাকে দুই ভাগ করিয়া ভাগফল ৩৩।৩৮।৫৮।৩০ হইল। ইহা হইতে স্ফুটশর ১১।৫৯।২১ হীন করিয়া শেষ ২১।৩৯।৩৭।৩০ হয়, ইহাই গ্রাস।

গ্রাস ২১।৩৯।৩৭।৩০ ইহার প্রথমাঙ্ক ২১ এর স্থিত্যর্দ্ধ-খণ্ডা ২।১৮ অগ্রখণ্ডা, ২।২০, ভোগ্য ২ শেষ ৩৯।৩৭কে ২ ভোগ্য দ্বারা গুণ করিয়া ৬০ দিয়া ভাগ করিলে ১।১৯।১৫ হয়, খণ্ডা ২।১৮ তাহার সহিত যোগ করিয়া যোগফল ৩।৩৭।১৫ হয়। রবিমান ৩৩।৩৯, চন্দ্রমান ৩৩।৩৯, গুণক ৬০, গুণিত ২০১৯ চন্দ্রমান ৬০, গুণিত ২০১৯ রবিমান হইতে ১৮৬৯ বাদ দিলে বাকি ১৫০কে গ্রাস-সংখ্যাকে রবির শুদ্ধিপল ৪ দ্বারা গুণ করিয়া গুণফলকে ১৫১ দ্বারা ভাগ করিয়া ৩।৫৮ লব্ধ হইল, তাহাকে ১০৮৯ হইতে গুণিত চন্দ্রমান ২০১১ বিয়োগ করিয়া অবশিষ্ট ৭০কে চন্দ্রের শুদ্ধিপল ১২ দিয়া গুণ করিয়া গুণফল ১৩৩০কে ৩৩৮ ভাগ করিয়া ভাগলব্ধ ৩।৫৬ পল রবির লব্ধ পলে যোগ করিয়া ৭।৫৪ পল হইল। ইহা যোগাঙ্ক ৩।৩৭।১৫ এর সহিত যোগ করিয়া ৩।৪৫ হইল, ইহার নাম মধ্য-স্থিত্যর্দ্ধ।

স্ফুটদর্শ-দণ্ড ১০।৩৩।৪০ হইতে স্থিত্যর্দ্ধ-দণ্ড ৩।৪৫।৮ বিয়োগ করিয়া শেষ ৩।৪৮।৪২ রহিল, ইহাই উক্ত সূর্য্যগ্রহণের স্পর্শকাল আর স্ফুটদর্শদণ্ড ১০।৩৩।৫০'এর সহিত স্থিতার্দ্ধ-দণ্ড ৩।৪৫ যোগ করিয়া ১৪।১৮।৫৮ হইল, ইহাই মোক্ষ-কাল। মোক্ষকাল হইতে স্পর্শকাল বিয়োগ করিলে ৫।৩০।১০ বাকি থাকে, ইহাই গ্রহণের স্থিতি-কাল।

অথ সূর্য্যগ্রহণে স্পর্শ-দিক-নিয়মমাহ।*

সূর্য্যগ্রহে যাম্যশরে নৈঋর্ত্যাং স্পর্শনং ভবেৎ।
আগ্নেয্যান্তু ভবেন্মোক্ষো জ্যোতির্ব্বিদ্ভি নিরূপিতঃ॥
সূর্য্যগ্রহে সৌম্যশরে বায়ব্যাং স্পর্শনং ভবেৎ।
ঐশ্যান্ত্যাস্তু ভবেন্মোক্ষো জ্যোতির্ব্বিদ্ভি নিরূপিতঃ॥

যাম্যশরে সূর্য্যগ্রহণ হইলে নৈঋতকোণে স্পর্শ হইয়া অগ্নিকোণে মোক্ষ হইবে এবং সৌম্যশরে সূর্য্যগ্রহণ হইলে বায়ুকোণে স্পর্শ হইয়া ঈশানকোণে মোক্ষ হইবে।

অথ মণ্ডলবর্ণমাহ।

অর্দ্ধাদূনং সধূম্রং স্যাৎ কৃষ্ণমর্দ্ধাধিকং ভবেৎ।
ত্যাগে বিম্বং কৃষ্ণতাম্রং কপিলং সকলগ্রহে॥

চন্দ্রগ্রহণ অর্দ্ধের কম হইলে ধূম্রবর্ণ, অর্দ্ধের অধিক হইলে কৃষ্ণবর্ণ, পাদোনার্দ্ধ হইলে তাম্রকৃষ্ণ এবং সম্পূর্ণ হইলে কপিলবর্ণ হয়। (সূর্য্যের গ্রস্তাংশ সর্ব্বদা কৃষ্ণবর্ণ।)

গ্রহণদর্শন নিষেধ কথনং।

সপ্তাষ্ট জন্মশেষেষু চতুর্থে দশমে তথা।
নবমে চ তথা চন্দ্রে ন কুর্য্যাদ্রাহুদর্শনং॥

ইতি রাজমার্ত্তণ্ডে।

মানবের জন্মরাশি হইতে কোন্ কোন্ রাশিতে গ্রহণ দর্শন নিষেধ তাহা কথিত হইতেছে যথা—জন্মরাশি ও জন্মরাশি হইতে সপ্তম, অষ্টম, দ্বাদশ, চতুর্থ, দশম এবং নবমচন্দ্রে রাহু দর্শন করিবে না।

---

* অবস্থাভেদে চন্দ্র ও সূর্য্যগ্রহণ।

সপ্তাষ্ট জন্ম শেষাঙ্ক চতুর্থ দশমে বিধৌ।
ত্রিজন্মনি ত্রিনিধনে ন কুর্য্যাদ্রাহুদর্শনং ॥

ইতি রাজমার্ত্তণ্ডে বচনান্তরং।

রাজমার্ত্তণ্ড গ্রন্থে বচনান্তরে উক্ত হইয়াছে যে, মানবের জন্মচন্দ্র কি জন্মচন্দ্র হইতে সপ্তম, অষ্টম, দ্বাদশ, নবম, চতুর্থ কি দশমচন্দ্রে এবং ত্রিজন্ম ও ত্রিনিধন নক্ষত্রে রাহুদর্শন করিবে না।

জন্মভে জন্মরাশৌচ ষষ্ঠাষ্টমগতে তয়োঃ।
চতুর্থে দ্বাদশে চন্দ্রে ন কুর্য্যাদ্রাহুদর্শনং ॥
গ্রাসদর্শন মাত্রেণ চার্থহানির্ম্মহদ্ভয়ং।
জায়তে নাত্র সন্দেহস্তস্মাত্তাৎপরিবর্জ্জয়েৎ ॥

বশিষ্ঠঃ।

বশিষ্ঠের মতে মানবের জন্মনক্ষত্র, জন্মরাশিতে চন্দ্র থাকিলে অথবা জন্মরাশি হইতে ষষ্ঠ, অষ্টম, চতুর্থ বা দ্বাদশ রাশিতে চন্দ্র থাকিলে গ্রহণ দর্শন করিতে নাই। দর্শন করিলে অর্থনাশ ও মহদ্ভয় উপস্থিত হয়। জন্মনক্ষত্র হইতে গণনায় সপ্তম নক্ষত্রে চন্দ্র থাকিলেও গ্রহণ দেখিবে না। দেখিলে রোগ,ব হুক্লেশ ও বিত্তক্ষয় হয়।

অতএব যে সকল গ্রহণ যাহার পক্ষে দর্শন নিষিদ্ধ, দৈবাৎ তাহার সেই গ্রহণ দর্শন হইলে চন্দ্রগ্রহণে চন্দ্রের ও সূর্য্যগ্রহণে সূর্য্যের অর্চ্চনা করিয়া গ্রহ-বিপ্রকে সুবর্ণ দান করিবে। ইহা করিলে অশুভ শান্তি হয়।

যস্মিন্ ত্রিজন্মনক্ষত্রে গ্রস্যতে শশিভাস্করৌ।
তজ্জাতীনাং ভবেৎপীড়া যে নরাঃ শান্তিবর্জ্জিতাঃ ॥

গর্গঃ।

মহর্ষি গর্গ কহিয়াছেন, যে মানবের ত্রিজন্মনক্ষত্রে চন্দ্র ও সূর্য্যগ্রহণ হয়, সেইব্যক্তি যদি গ্রহণদোষের শান্তি না করে, তাহাহইলে সজাতিসহ পীড়িত হইয়া থাকে।

ইতি রাঘবানন্দ বিরচিতায়াং সিদ্ধান্ত-রহস্যে
পঞ্চমোঽধ্যায় সমাপ্তঃ।

সমাপ্তোঽয়ং গ্রন্থঃ।

পরিশিষ্ট।

কতিপয় জ্যোতিষিক পারিভাষিক-শব্দের অর্থ।*

অক্ষ।—গ্রহগণের পথ, রাশিচক্রের অবয়ব।

অক্ষবৃত্ত—রাশিচক্রের গোলাকার ক্ষেত্র। (Parallels of Latitude) নিরক্ষরেখার সমান্তরাল এবং নিক্ষররেখা হইতে ক্রমান্বয়ে দশ দশ অংশ (Degree) অন্তর কতিপয় বৃত্ত।

অক্ষাংশ—পরস্পর স্থানের দূরতা এবং নগর ও নদ-নদী পর্ব্বতাদির ঠিক স্থান নির্দ্দিষ্ট করিবার জন্য বিষুবরেখার উত্তর-দক্ষিণ ও পূর্ব্ব-পশ্চিম গোলককে ৩৬০ অংশে বিভক্ত করা হয়। ইহার এক একটী ভাগের নাম অক্ষাংশ।

অয়ন—সূর্য্য এবং চন্দ্রের দক্ষিণ হইতে উত্তরে গমন এবং উত্তর হইতে দক্ষিণে গমন। তিন ঋতুতে ১ অয়ন এবং ২ অয়নে এক বৎসর।

অয়নচলন, অয়নবলন—অয়নাংশের পূর্ব্বে বা পশ্চিমে স্থানান্তরে চলন।

অয়নমণ্ডল—রাশিচক্র ও রাশিচক্রস্থ সূর্য্য-গমনের পথ, (Eclibtic)

অয়ন-মাস—অয়নাংশানুসারে দিনমানাদি-জ্ঞানার্থ কল্পিতমাস।

অয়ন-সংক্রম—মেষাদি রাশির অয়নাংশে গ্রহগণের সঞ্চার।

অয়নসংক্রান্তি—সূর্য্যের দক্ষিণায়নঘটিত সংক্রান্তি—কর্কট-সংক্রান্তি। উত্তরায়ন-ঘটিত সংক্রান্তি—মকর-সংক্রান্তি।

অয়নাংশ—পৃথিবীর মধ্যরেখা এবং ভ-চক্রের মধ্যরেখা যেখানে সমসূত্রপাতে মিলিত হইয়াছে, তাহার নাম ক্রান্তিপাত। ঐ ক্রান্তিপাতের উপর

---

* মৎসঙ্কলিত "হোরাবিজ্ঞান চন্দ্রিকা" (গণিত ও ফলিতবিষয়ক বৃহৎ গ্রন্থ) গ্রন্থ হইতে উদ্ধৃত।

হইতে উত্তর-দক্ষিণে লম্ব যে একটি রেখার কল্পনা করা যায়, তাহাকে বিষুবরেখা কহে। এদেশের জ্যোতিষানুসারে এইরূপ গণনা করা হয় যে, সূর্য্য ঐ রেখার ২৭ অংশ উত্তরে এবং ২৭ অংশ দক্ষিণে গমনাগমন করিতেছেন। সেই গতির নাম অয়নগতি এবং উহার এক এক অংশের নাম অয়নাংশ। কোন কোন মতে ৬৬ বৎসর ৮ মাসে এক এক অয়নাংশের গতি শেষ হয়। কাজেই ৫৪ অংশ যাইতে ৩৬০০ বৎসর লাগে। কিন্তু এক এক অয়নাংশ যাইতে ৭২ বৎসর লাগে ইহাই অনেকে স্বীকার করেন। সম্প্রতি অয়নাংশ ২১।০।০। তজ্জন্য এখন ৯ই আশ্বিন ও ৯ই চৈত্র দিবারাত্রি সমান হইতেছে। কারণ সে দিন সূর্য্য ক্রান্তিপাতে আসিয়া উপস্থিত হন। তাহার পর অয়নাংশ যত বৃদ্ধি হয়, ততই পশ্চাদ্দিকে আসিয়া দিবা-রাত্রি সমান হইতেছে।

অহর্গণ—গ্রহদিগের মধ্যভাবাদিজ্ঞাপক সৃষ্টি অবধি, শ্বেতবরাহকল্প অবধি কিম্বা কল্প অবধি ইষ্ট (মধ্য) দিন পর্য্যন্ত যত দিনগত হইয়াছে সেই দিন সমূহ। তন্মধ্যে সৃষ্টি অবধি ১০০০ হাজার যুগে ব্রহ্মার এক দিন, তাহাকে মনুষ্যের কল্প কহে। ব্রহ্মার রাত্রিমানও ১০০০ হাজার যুগ। সেই দুই যুগ সহস্রকে ৩৬০ দিয়া গুণ করিলে ব্রহ্মার এক বৎসর হয়। তাহারই একশত বর্ষ ব্রহ্মার পরমায়ুঃ। ইহার এই কয়েকটী পর্য্যায় দেখা যায়— দ্যুবৃন্দ, দিনৌঘ, এবং দিনপিণ্ড।

রাশিচক্র—মেষাদি দ্বাদশরাশিঘটিত চক্র। সমগ্র রাশিচক্র ৩৬০ অংশে বিভক্ত, অতএব এক এক রাশির পরিমাণ ৩০ অংশ। রাশিচক্রে ২৭টী নক্ষত্র আছে। কাজেই দুইটী পূর্ণ নক্ষত্র এবং আর একটির এক পাদ লইয়া এক একটি রাশি হয় অর্থাৎ প্রত্যেক নক্ষত্রের পরিমাণ ১৩ অংশ ২০ কলা।

অব্দপিণ্ড—ইষ্ট শকাব্দাঙ্ক হইতে ১৫১৩ বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহার নাম অব্দপিণ্ড।

কল্যব্দপিণ্ড—শকাব্দাঙ্কের সহিত ৩১৭৯ যোগ করিলে কল্যব্দপিণ্ড হয়।

দিনবৃন্দ—পূর্ব্বোক্ত ১৫১৩ শক হইতে অভীষ্টকাল পর্য্যন্ত যত সৌর বা নাক্ষত্রিক দিন হইবে, তাহা গণনায় নাম দিনবৃন্দ।

কলের্দ্দিনানয়ন—পূর্ব্বোক্ত নির্দ্দিষ্ট দিনবৃন্দের সহিত ১৭১৩৭৯২ যোগ করিলে কলের্দ্দিনবৃন্দ হইবে।

মন্দোচ্চ—নীচোচ্চবৃত্তের যে স্থান পৃথিবীর মধ্য হইতে নিকটবর্ত্তী, তাহাকে মন্দোচ্চ কহে।

শীঘ্রোচ্চ—নীচোচ্চবৃত্তের যে স্থান পৃথিবীর মধ্য হইতে সর্ব্বোচ্চ, সেই স্থানকে শীঘ্রোচ্চ কহে।

নীচোচ্চবৃত্ত—একটী বৃত্ত যাহার কেন্দ্র কোন এক বৃহৎ বৃত্তের মধ্যে ভ্রমণ করে। (Epicyche)

নীচোচ্চমাস—চন্দ্র ২৭ দিন ৩৩ ঘণ্টা ১৫-৫৬ পলে একবার পৃথিবী বেষ্টন করে। এই সময়ের মধ্যে চন্দ্রকেন্দ্রের একবার পরিভ্রমণ সম্পন্ন হয়। ইংরাজি জ্যোতিষে ইহাকে (Anomalistic month) বলে। নীচ (Perigee) শব্দের অর্থ পৃথিবী ও চন্দ্রের গমনকালীন সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী স্থান। উচ্চ (Apogee) শব্দে পৃথিবী ও চন্দ্রের সর্ব্বাপেক্ষা দূরবর্ত্তী স্থান। অতএব নীচোচ্চমাসের অর্থ এই যে, যে সময়ের মধ্যে চন্দ্র নীচ হইতে গমন করিয়া পুনরায় তথায় ফিরিয়া আইসে অথবা উচ্চ হইতে পুনর্ব্বার উচ্চ স্থানে ফিরিয়া আইসে।

মধ্য—গ্রহগণের যথার্থ গতির নাম মধ্য।

কেন্দ্র—কোন গ্রহের মন্দোচ্চ বা শীঘ্রোচ্চ হইতে সেই গ্রহের মধ্য বা শীঘ্র বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহার নাম কেন্দ্র। মান্দ্য ও শীঘ্র-কেন্দ্রভেদে কেন্দ্র দ্বিবিধ।

মান্দ্যকেন্দ্র—গ্রহের মন্দোচ্চ হইতে সেই গ্রহের মধ্য বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহার নাম মান্দ্যকেন্দ্র।

শীঘ্রকেন্দ্র—গ্রহের শীঘ্রোচ্চ হইতে মধ্য বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহার নাম শীঘ্র-কেন্দ্র।

মান্দ্যফল—মন্দোচ্চ দ্বারা নিষ্পন্ন ফলের নাম মান্দ্যফল।

শীঘ্রফল—শীঘ্রোচ্চ দ্বারা নিষ্পন্ন ফলের নাম শীঘ্রফল।

ধনখণ্ডা—খণ্ডা হইতে অনুখণ্ডা অধিক হইলে তাহার নাম ধনখণ্ডা।

ঋণখণ্ডা—খণ্ডা হইতে অনুখণ্ডা ন্যূন হইলে তাহার নাম ঋণখণ্ডা।

লগ্ন—জন্মকালে কিম্বা কোন সময়ে পূর্ব্বদিকে যে রাশির উদয় হয়, তাহার

নাম লগ্ন। কোন রাশি বা লগ্নের উদয় হইতে তৎপরবর্ত্তী লগ্নের উদয় পর্য্যন্ত কালকে পূর্ব্বোদিত রাশির লগ্নমান কহে। লগ্নমানের অর্দ্ধেককে হোরা কহে। তিন ভাগের এক ভাগকে দ্রেক্কাণ, নয় ভাগের এক ভাগকে নবাংশ, দ্বাদশ ভাগের এক ভাগকে দ্বাদশাংশ এবং ত্রিংশ ভাগের একভাগকে ত্রিংশাংশ কহে।

জ্যোতিষিক সাঙ্কেতিক শব্দের অর্থ।

গণিত জ্যোতিষশাস্ত্রে এক একটী সংখ্যা বুঝাইতে নিম্নলিখিত শব্দ ও তাহাদের প্রতিশব্দের প্রয়োগ প্রচলিত আছে।

অশ্বি	১	অর্থ	৫	কৌর্পি	৮
কু	১	শিবমুখ	৫	গজ	৮
ভূ	১	সমীরণ	৫	নাগ	৮
অক্ষি	২	মদন	৫	সিদ্ধি	৮
যম	২	রস	৬	বৃহস্পতি	৮
পক্ষ	২	অক্ষ	৬	গ্রহ	৯
নয়ন	২	রাগ	৬	অঙ্ক	৯
যুগল	২	ঋতু	৬	গো	৯
যুগ্ম	২	রিপু	৬	ব্রহ্ম	৯
রাম	৩	তর্ক	৬	নন্দ	৯
জ্বলন	৩	সময়	৬	ফণি	৯
অগ্নি	৩	সুত	৭	নভস্	০
গুণ	৩	মুনি	৭	খ	০
শ্রুতি	৪	অগ	৭	অভ্র	০
বেদ	৪	সাগর	৭	আশা	১০
ব্রহ্মা	৪	নগ	৭	দশা	১০
কৃত	৪	অদ্রি	৭	দিক	১০
অব্ধি	৪	সাম	৭	রুদ্র	১১
নিগম	৪	স্বর	৭	ঈশ	১১
যুগ	৪	অর্চ্চি	৭	শিব	১১
অম্বুধি	৪	দ্বীপ	৭	সূর্য্য	১২
ইষু	৫	লোক	৭	আদিত্য	১২
সায়ক	৫	স্বর্গ	৭	ক্রুধ্র	১২
বিষয়	৫	মহীধ্র	৭	মাস	১২

রাশি	১২	তিথি	১৫	নখ	২০
ইন (সূর্য্য)	১২	নৃপতি	১৬	প্রকৃতি	২১
বিশ্বা	১২	অষ্টি	১৬	তত্ব	২৫
বিশ্ব	১৩	মেঘ	১৭	ভ (নক্ষত্র)	২৭
ইন্দ্র	১৪	ঘন	১৭	রদ	৩২
ভুবন	১৪	ধৃতি	১৮	দেবতা	৩৩
মনু	১৪	অতিধৃতি	১৯	মরুৎ	৪৯

কতিপয় শব্দের অর্থ।

বিশোধ্য	হীন, বিযুক্ত	ভৃগু	শুক্র
হত	গুণিত	মহীজ	মঙ্গল
ঘ্ন	গুণিত	ভূমিপুত্র	মঙ্গল
অংশ	বিভক্ত	সৌম	বুধ
হৃত	বিভক্ত	ভানুজ	শনি
আপ্ত	বিভক্ত	যুগ্ম	মিথুন
বিবর	অন্তর	কুলীর	কর্কট
জ্ঞ	বুধ	ধট	তুলা
ইজ্য	বৃহস্পতি	ঘট	কুম্ভ
আস্ফুজিত	শুক্র	অলি	বৃশ্চিক
অর্ক	রবি	খেট	গ্রহ
আর্কি	শনি	আর	মঙ্গল
ভৌম	মঙ্গল	মন্দ	শনি

সমাপ্ত।